

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
আইপিএইচ স্কুল রোড
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১৯.১৯-

তাং-----
/১৪২৭ বঙ্গাব্দ
/২০২০ খ্রিষ্টাব্দ

বিষয় : ২য় কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু আপনি জনাব কাজী মোঃ মশিউর রহমান, পিতা: কাজী মোঃ মোজাহারুল হক, সিনিয়র স্টাফ নার্স, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর এর বিরুদ্ধে পরিচালকের দপ্তর, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর এর ৩০/০৭/২০১৯খ্রিঃ তারিখের রচিমহা/রং/প্রশাঃ/২০১৯/২২৬৩/১(১০) সংখ্যক স্মারকে এ মর্মে অভিযোগ করা হয় যে, আপনি জাতীয় সংসদ নির্বাচন/২০১৮ এর নির্বাচনী হলফ নামায় আপনার পেশা চাকরিজীবী গোপন রেখে ব্যবসা উল্লেখ করে নির্বাচনী এলাকা গাইবান্ধা-৪(গোবিন্দগঞ্জ) আসনে লাজল প্রতীক নিয়ে জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে আপনাকে ০৩/০৯/২০১৯খ্রিঃ তারিখের ৩৪৮ সংখ্যক স্মারকে কৈফিয়ত তলব করা হয়। ১২/০৯/২০১৯ খ্রিঃ তারিখে উক্ত কৈফিয়ত তলবের জবাবে আপনি আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করেছেন।

২। যেহেতু, আপনার বিরুদ্ধে এ অধিদপ্তরের ১৩/১০/২০১৯খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১৯.১৯/১৮৫ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধি, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচারণের অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয় এবং আপনি অভিযোগনামার জবাবে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করেছেন।

৩। যেহেতু, ০৩/১২/২০১৯খ্রিঃ তারিখে গৃহীত ব্যক্তিগত শুনানীতেও আপনি আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ স্বীকার করেছেন।

৪। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য এ অধিদপ্তরের ১১/০৬/২০২০খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১৯.১৯/২৭ সংখ্যক স্মারকে ০৩ সদস্য বিশিষ্ট তদন্ত বোর্ড গঠন করা হয় এবং উক্ত তদন্ত বোর্ড কর্তৃক ৩১/০৮/২০২০খ্রিঃ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী(শৃংখলা ও আপীল) বিধি, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচারণের অভিযোগ সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে।

৫। এক্ষণে, সেহেতু আপনাকে সরকারী কর্মচারী(শৃংখলা ও আপীল) বিধি, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অভিযুক্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধির বিধান মতে আপনাকে সরকারী চাকরি হতে বরখাস্ত করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হলো। কেন আপনার বিরুদ্ধে প্রস্তাবিত দণ্ড আরোপ করা হবে না তার কারণ দর্শানোর লিখিত জবাব উক্ত বিধির ৭(৯) বিধি অনুযায়ী এ নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্ত : তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদন ০৪(চার) পাতা।

প্রাপক :

১। জনাব কাজী মোঃ মশিউর রহমান
সিনিয়র স্টাফ নার্স
পিতা-কাজী মোঃ মোজাহারুল হক
রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।
(বর্তমান ঠিকানা)।

২। জনাব কাজী মোঃ মশিউর রহমান
সিনিয়র স্টাফ নার্স
পিতা কাজী মোঃ মোজাহারুল হক, গ্রামঃ ধান খলিয়া,
পোঃ রায়ের বাজার, উপজেলাঃ গোবিন্দগঞ্জ, জেলাঃ গাইবান্ধা।
(স্থায়ী ঠিকানা)।

স্বাক্ষর
(সিদ্ধিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

ই-মেইল-info@dgnm.gov.bd


ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১১৯.১৯- ২৫০

২৫/৬/১৪২৭ বঙ্গাব্দ
তাং ৩০/১১/২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।
- ৪। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকতা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
- ৫। উপপরিচালক(পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল)।
- ৬। সেবা তত্ত্বাবধায়ক, রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল, রংপুর।
- ৭। জেলা পাবলিক হেল্থ নার্স, সিভিল সার্জন অফিস, রংপুর।
- ৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৯। অফিস কপি।


(শোভা শাহনাজ)

উপসচিব

পরিচালক(শৃঙ্খলা)

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা-১২১২।